ফেব্রুয়ারি, ২০২৪

# Every Newborn-Measurement Improvement for Newborn & Stillbirth Indicators (EN-MINI) Tools for Routine Health Information Systems


## EN-MINI টুল কী?

EN-MINI টুলগুলো রুটিন হেলথ ইনফরমেশন সিস্টেমে (আরএইচআইএস) অগ্রাধিকার ভিত্তিতে নবজাতক এবং মৃতজন্ম বিষয়ক সূচকগুলোর প্রাপ্যতা, গুণগত মান এবং ব্যবহার উন্নত করার জন্য পদক্ষেপগুলো নির্দেশ করে। এই টুলগুলো বিনামূল্যে এবং খুব সহজে ব্যবহার করা যাবে, এবং এগুলোর মাধ্যমে প্রতিটি নবজাতক সংক্রান্ত কার্যকর পরিকল্পনা বা 'এভ্রি নিউবর্ন অ্যাকশন প্ল্যান' (ইএনএপি)-এর ক্ষেত্রে জাতীয় ও উপ-জাতীয় পর্যায়ে স্বয়ংক্রিয় রিপোর্ট তৈরি করা যাবে।

EN-MINI টুলগুলো আরএইচআইএস ডেটা অপ্টিমাইজেশনের জন্য তৈরি করা হয়েছে, যা কিনা নবজাতক ও মৃতজন্মের জন্য নির্ধারিত নীতি এবং কার্যক্রমের ক্ষেত্রে তথ্য ব্যবহারের সময় এর গতিবিধি ও দক্ষতা যাচাইয়ে কাজে লাগানো যাবে। এই টুলগুলো মূল অংশীদারদের মধ্যে যোগাযোগ জোরদার করে এবং বৈশ্বিক নির্দেশনা অনুযায়ী যেভাবে বলা হয়েছে, সেভাবেই তথ্য সরলীকরণ করতে সাহায্য করে।

এই EN-MINI টুলগুলো মূলত নবজাতক ও মৃতজন্ম শিশু সম্পর্কিত সূচকের উপর জোর দেয়। এই পরিমাপগুলো কমলা রঙের ডেটা পয়েন্ট সার্কেল হিসেবে চিত্র ১-এর তথ্য পিরামিডের কেন্দ্রবিন্দুতে দেখানো হয়েছে। এই সাত ধরনের টুলকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে— **নবজাতকদের তথ্য চিহ্নিতকরণে, সিদ্ধান্ত গ্রহণে নবজাতকদের তথ্য ব্যবহার** এবং **নবজাতক সম্পর্কিত তথ্যের মানোন্নয়ন।**

চিত্র 1. EN-MINI টুলস এবং তথ্য পিরামিড




Adapted from: Day LT, Moran AC, Jackson D, et al. (2019). Survive and Thrive: Transforming care for every small and sick newborn. Chapter 5, Figure 5.1. Geneva, Switzerland.

এই সংক্ষিপ্তসারটি Every Newborn-Measurement Improvement for Newborn and Stillbirth Indicators (EN-MINI) টুলগুলি সম্পর্কে বিস্তারিত বর্ণনা করে, যা রুটিন স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত হয়। এই গবেষণাটি লন্ডন স্কুল অফ হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন যুক্তরাজ্য, ইফাকারা হেলথ ইনস্টিটিউট তানজানিয়া, আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র (আইসিডিডিআর,বি), বাংলাদেশ এবং ডেটা ফর ইমপ্যাক্ট (২০২২) কর্তৃক পরিচালিত।

# EN-MINI টুলগুলো কীভাবে তৈরি করা হয়েছিল?

EN-MINI টুলের ১ম ভার্সনটি 'এভ্রি নিউবর্ন-বার্থ ইন্ডিকেটর রিসার্চ ট্র্যাকিং ইন হসপিটালস' (EN-BIRTH-2) শীর্ষক গবেষণার অংশ হিসেবে তৈরি করা হয়েছিল এবং ডি ফোর আই; আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র (আইসিডিডিআর,বি), বাংলাদেশ; ইফাকারা হেলথ ইনস্টিটিউট (আইএইচআই) এবং লন্ডন স্কুল অব হাইজিন অ্যান্ড ট্রোপিকাল হেলথ (এলএসএইচটিএম) এর সাথে অংশীদারিত্বে এটির ধারণাগত উন্নয়ন ও বাস্তবায়ন করা হয়। ডেটা ফর ইমপ্যাক্ট (ডি ফোর আই) এর মাধ্যমে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) দ্বারা EN- BIRTH-2 -এর তহবিল যোগান দেয়া হয়েছিল। আইসিডিডিআরবি-র ইউএসএআইডি এর রিসার্চ ফর ডিসিশন মেকারস (আরডিএম) কর্মসূচী বাংলাদেশে এর প্রাথমিক কার্যক্রমের ফান্ডিং করে। চিয়েজি ফাউন্ডেশন থেকে নবজাতক সূচকের মান ও ব্যবহার উন্নয়ন (ইমপালস) গবেষণাও EN-MINI টুলের দ্বিতীয় ভার্সনে ভূমিকা রেখেছে।

# কারা EN-MINI টুলস ব্যবহার করতে পারবে?

EN-MINI টুল নবজাতকদের সম্পর্কে তথ্য উন্নয়নে কর্মরত দলের জন্য তৈরি করা হয়েছিল, এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছেন জাতীয় ও উপ-জাতীয় পর্যায়ের নীতি-নির্ধারকরা, নবজাতক কর্মসূচীর অংশীদাররা এবং আরএইচআইএস কারিগরি বিশেষজ্ঞরা। এই সাতটি EN-MINI টুল আদর্শভাবে একটি প্যাকেজ হিসেবে তৈরি করা হলেও এটি আলাদা আলাদাভাবেও ব্যবহার করা যাবে। ইউএসএআইডি এবং চিয়েজি ফাউন্ডেশনের সহায়তায় এই EN-MINI টুলগুলো অ্যামহারিক, ইংরেজি, ফরাসি এবং সোয়াহিলি- এই চারটি ভাষায় পাওয়া যাবে।

# EN-MINI টুলে কী কী রয়েছে?

## ম্যাপ নিউবর্ন ডেটা বা নবজাতকের তথ্য চিহ্নিতকরণ

তথ্য পিরামিডের বিভিন্ন স্তরে স্বাস্থ্য সুবিধার রুটিন রেজিস্টার থেকে ইলেকট্রনিক আরএইচআইএস-এ নবজাতকদেরকে চিহ্নিত করার উদ্দেশ্যে **ম্যাপ নিউবর্ন ডেটা EN-MINI Tool 0** তৈরি করা হয়েছে এবং এর তিনটি ব্যবহার রয়েছে:

- আরএইচআইএস নবজাতক এবং মৃতজন্মের তথ্য খুঁজে বের করতে, যা কিনা এখনকার অগ্রগতির গতিবিধির দিকে খেয়াল রাখতে ব্যবহার করা যেতে পারে। কী প্রয়োজন রয়েছে এবং কী পরিমাপ করতে হবে, তা রুটিন ডেটা গ্যাপ নির্দেশ করে।
- সম্মুখসারির স্বাস্থ্যকর্মীদের জন্য কতটুকু পরিমাপের দায়িত্ব রয়েছে, সেটি জানতে

**নবজাতকদের তথ্য চিহ্নিতকরণ**

নবজাতকদের তথ্য চিহ্নিতকরণ
EN-MINI Tool 0

## সিদ্ধান্তগ্রহণে নবজাতকদের তথ্য ব্যবহার করুন

চারটি EN-MINI টুল নবজাতকদের তথ্য ব্যবহারের মাধ্যমে সিদ্ধান্তগ্রহণের বিষয়টি নির্দেশ করে এই টুলগুলো প্রিজম, অর্থাৎ পারফরম্যান্স অব রুটিন ইনফরমেশন সিস্টেম থেকে নেয়া হয় এবং প্রিজমের টুলগুলো 'মেজার' মূল্যায়ন দ্বারা তৈরি করা হয়েছিল। এই চারটি টুলেই ডিজিটাল তথ্য সংগ্রহের সম্পূর্ণ প্রস্তুত কিছু পদ্ধতি রয়েছে, যা ব্যবহারকারীদের জন্য সহায়ক।

- নবজাতক ও মৃতজন্মের অগ্রগতি সম্পর্কে বাড়তি কোন তথ্যগুলোর গতিবিধি সম্পর্কে ব্যবহারকারীদের জানার প্রয়োজন রয়েছে, সে বিষয়ে জানুন।

**সিদ্ধান্ত গ্রহণে নবজাতকদের তথ্য ব্যবহার**

RHIS পরিদর্শন
EN-MINI PRISM টুল 1

ইলেক্ট্রনিক RHIS মূল্যায়ন
EN-MINI PRISM টুল 3

ব্যবস্থাপনা মূল্যায়ন
EN-MINI PRISM টুল 4

সাংগঠনিক/আচরণগত মূল্যায়ন
EN-MINI PRISM টুল 6

**EN-MINI-PRISM Tool 1** এর দ্বারা বিভিন্ন কারিগরি নির্ণায়ক এবং 'আরএইচআইএস কে ক্ষুদ্র অংশে বিভাজিত করে এবং তথ্যের আধিক্যের পরিমাণ পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হয়। এতে করে ডেটা ইনটিগ্রেশন বা তথ্য সংযোজন ও ব্যবহারের আলোচনা শুরু করতে সুবিধা হয়। **EN-MINI-PRISM Tool 3** রুটিন হেলথ ডেটা বা স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের ব্যবহার, বিশ্লেষণ, প্রক্রিয়াজাত, উৎপাদনের জন্য ব্যবহৃত প্রযুক্তির ব্যবহারের সুবিধা এবং কার্যকারিতার বিষয়টি খতিয়ে দেখে। **EN-MINI-PRISM Tool 4** আরএইচআইএস ব্যবস্থাপনায় রক্ষিত তথ্যগুলোকে দ্রুত মূল্যায়নের মাধ্যমে উন্নত ব্যবস্থাপনার জন্য কর্ম পরিকল্পনার উন্নয়নে সহায়তা করে। | **EN-MINI-PRISM Tool 6** আচরণগত এবং সাংগঠনিক নির্ণায়কগুলো চিহ্নিত করে, যার মাধ্যমে তথ্য সংস্কৃতির প্রচার ঘটে।

## নবজাতকদের তথ্যের মান বৃদ্ধি

দুটি EN-MINI -প্রিজম টুল নবজাতকদের তথ্যের মান বৃদ্ধিতে ভূমিকা রাখে। তথ্যের মান এবং এর ব্যবহারের উপর ভিত্তি করে **EN-MINI-PRISM Tool 2** আরএইচআইএস পারফরম্যান্সের সামগ্রিক পর্যায় নির্ধারণ করে।

**EN-MINI-PRISM Tool 5** মূলত তত্ত্বাবধানকারী পর্যায়ে আরএইচআইস বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উৎসগুলোর প্রাপ্যতা এবং অবস্থা যাচাই করে থাকে। এই দুটি টুল ব্যবহারকারীদের নিম্নোক্ত কাজে সাহায্য করে:

নবজাতক সম্পর্কিত তথ্যের

RHIS কর্মক্ষমতার বৈশিষ্ট তথ্য চিহ্নিতকরণ EN-MINI PRISM টুল ২

কাঠামো/অফিসের মূল্যায়ন তথ্য চিহ্নিতকরণ EN-MINI PRISM টুল ৫

- নবজাতক ও মৃতজন্মের তথ্যের মান যাচাই করতে
- ফিডব্যাকের পদ্ধতিগুলো কার্যকর কিনা তা নিশ্চিত করতে
- কোন উৎসগুলোতে তথ্যের মান আরো উন্নত করতে হবে, সেটি খুঁজে বের করতে

EN-MINI tools সম্পর্কে আরো জানতে পরিদর্শন করুন:
https://www.data4impactproject.org/bn/resources/en-mini-tools/

এই প্রকাশনীটি ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি)-এর সহযোগিতা নিয়ে তৈরি করা হয়েছে। এতে ডেটা ফর ইমপ্যাক্ট (D4I) অ্যাসোসিয়েট অ্যাওয়ার্ড নাম্বার 7200AA18LA00008. এখানে প্রদর্শিত কোনো ধরনের মতামত আবশ্যিকভাবে যুক্তরাষ্ট্র সরকার বা ইউএসএআইডি এর দৃষ্টিভঙ্গি প্রকাশ করে না। FS-24-659 D4I